

Times Today BD

নূর আলম | ময়মনসিংহ | 21 April, 2025

নেত্রকোণার দুর্গাপুরে শুল্ক ফাঁকি দিয়ে আনা বিপুল পরিমাণ ভারতীয় পণ্য জব্দ করেছে পুলিশ। এ ঘটনায় সোনিয়া আক্তার (৩৭) নামের এক নারীকে আটক করা হয়েছে। তিনি পৌর শহরের সাধুপাড়া এলাকার রেজাউল মিয়ান স্ত্রী।

রবিবার (২০ এপ্রিল) দিবাগত রাতে গোপন সংবাদের ভিত্তিতে দুর্গাপুর থানা পুলিশ ওই এলাকায় অভিযান চালায়। অভিযানের সময় একটি অটো রিকশা থেকে ৫টি বড় ব্যাগভর্তি ভারতীয় কসমেটিকস জব্দ করা হয়। এসব পণ্যের মধ্যে ছিল ১০০ পিস ডাব সাবান, ৪৫ পিস হেয়ার অয়েল, ৪০ পিস ঝাড়ুঝাড়ু, ৮০০ পিস টেলকম পাউডার এবং ৯০ বোতল অলিভ অয়েল। জব্দকৃত পণ্যের বাজারমূল্য আনুমানিক ৪২ হাজার টাকা।

সোমবার (২১ এপ্রিল) দুপুরে আটক সোনিয়া আক্তারকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়।

এ বিষয়ে দুর্গাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মাহমুদুল হাসান বলেন, ‘আটককৃতের বিরুদ্ধে মামলা দায়ের করে আদালতে সোপর্দ করা হয়েছে। মাদক ও চোরাচালান রোধে আমাদের নিয়মিত অভিযান অব্যাহত রয়েছে।’

ভারতীয় পণ্য আটক পুলিশ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 20 June, 2025 18:24

URL: <https://timestodaybd.com/mymensingh/7758071202>